দৈনিক সংবাদ

তারিখ ... 17 NOV 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

23

### ছাত্র ঐক্যের কর্মসূচী

# 'গণদুশমন প্রতিরোধ' দিবস আজ

(নিজস্ব বার্তা পরিবেশক)

দুর্নীতি, সন্ত্রাস ও লুটপাটের বিরুদ্ধে সর্বদলীয় ছাত্র ঐক্য আজ শনিবার সারা দেশে 'গণদুশমন প্রতিরোধ দিবস' পালন করবে।

দিবসের কর্মসূচীর মধ্যে রয়েছে রাজধানীতে মন্ত্রীপাড়া (বেইলী রোড) ঘেরাও এবং দেশের অন্যান্য স্থানে মন্ত্রী

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### ছাত্র ঐক্যের কর্মসূচী

(১ম পাতার পর)

ও সংসদ সদস্যদের ঘেরাও। সর্বদলীয় ছাত্র ঐক্য এক বিবৃতিতে আজকের কর্মসূচী সফল করার জন্য ছাত্র সমাজসহ সর্বস্তরের মানুষের প্রতি আহ্বান জানিয়েছে।

**পথসভা**

আজকের কর্মসূচীর সমর্থনে ঢাকা বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্র ঐক্য গতকাল গুলিস্তান, ফুলবাড়িয়া, টিএসসি, আজিমপুর, নিউ মার্কেট, এলিফ্যান্ট রোড, শাহবাগ, ফার্মগেট, মৌচাক, মালিবাগ ও প্রেসক্লাবের সামনে খন্ড মিছিল এবং পথসভা করেছে। পথসভায় গোলাম মোস্তফা সুজন, কামরুজ্জামান আনসারী, রোকনুজ্জামান, রফিকুল ইসলাম জগলু, পংকজ নাথ, মামুনুর রশীদ মুক্তা, মাজেদা ইয়াসমিন রেবা প্রমুখ বক্তব্য রাখেন।

**ছাত্র ইউনিয়ন**

ছাত্র ইউনিয়নের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুল ও সাধারণ সম্পাদক নাসির-উদ-দুজা গতকাল এক যুক্ত বিবৃতিতে যে-কোন মূল্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলা রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সরকারী মহল বিশ্ববিদ্যালয়কে ঘিরে নতুন করে চক্রান্ত করছে।

**বাংলাদেশ ছাত্রদল**

সরকারের পদত্যাগ ও শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত নয়া অধ্যাদেশ বাতিলের দাবীতে বাংলাদেশ ছাত্রদল মহানগর শাখার উদ্যোগে গতকাল প্রেসক্লাবের সামনে এক সমাবেশ ও পরে মিছিল অনুষ্ঠিত হয়। মোজাফফর হোসেন জাকির সমাবেশে সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা কামাল উদ্দিন, লিয়াকত আলী, ছাত্রদল নেতা আলমগীর হোসেন খোকন প্রমুখ। বক্তারা ২০ ও ২১শে নভেম্বর ৪৮ ঘন্টা হরতাল সফল করার আহ্বান জানান।